Work  sheet:_প্রশ্ন:-১"চারিদিকের স্নেহশূন্য বিরাগ তাহাকে পদে  পদে কাঁটার মতো বিঁধে"-উদ্ধৃতাংশটি কার লেখা কোন গদ    ্যের অংশ?বক্তব্যটির যাথার্থ বিশ্লেষণ কর। উত্তর সূত্র:-কলকাতায় এসে ফটিকের যে সকরুণ মানসিক অবস্থার সৃষ্টি হয়েছিল তা  বিস্তারিত লিখতে হবে।

প্রশ্ন:-২"সে যে পরের পয়সা নষ্ট করিতেছে, এই মনে করিয়া তাহার মায়ের উপর অত্যন্ত অভিমান উপস্থিত হ ইল"-সপ্রসঙ্গ ব    ্যাখ    ্যা কর:-উত্তর সূত্র:-ফটিক মামাবাড়িতে থাকাকালীন যখন তার স্কুলের ব ই হারিয়ে ফেলেছিল তখন তাকে যে ঘরে বাইরে হেনস্থা হতে হচ্ছিল এবং তখন মায়ের প্রতি যে অভিমান জন্মেছিল তা বিশদে লিখতে হবে।

প্রশ্ন:-৩-"ছেলেরা তাহার এইরূপ উদার ঔদাসীন্য দেখিয়া কিছু বিমর্ষ  হ ইয়া গেল:-কার কথা বলা হয়েছে?ব    ্যাখ    ্যা কর:-উত্তর সূত্র:-এখানে তো মাখনলাল এর কথা বলা হয়েছে।ছেলেরা যে গাছের গুঁড়ি দিয়ে এক অভাবনীয় খেলার উপক্রম করছিল তা সবিশেষ লিখতে হবে।